আলমডাঙ্গায় মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটির উদ্যোগে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ বিষয়ক কর্মশালা ও মুক্তিযুদ্ধাদের সহিত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গতকাল ১ নভেম্বর শুক্রবার সকাল ১০ টারদিকে বিশিষ্ট মুক্তিযোদ্ধা আলহাজ্ব শমসের আলী মল্লিক এর সভাপতিত্বে এবং খন্দকার হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় স্থানীয় বধ্যভুমি সংলগ্ন ছাউনিতে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়ীত ঘটনা সম্পর্কে বক্তব্য রাখেন স্থানীয় মুক্তিযোদ্ধা সংসদের সাবেক পৌর কমান্ডার আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, হাজী আনিছ, ডা. লিয়াকত আলী, খোসদেল আলী, আব্দুল মালেক, খন্দকার শাহ আলম মন্টু, সিরাজুল ইসলাম, সহ অসংখ্য বীর মুক্তিযোদ্ধা ও সন্তান সহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

এছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা কন্যা আলমডাঙ্গা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু। মুক্তিযোদ্ধারা উপস্থিত সকলের সামনে তাদের যুদ্ধ কালীন ইতিহাস তুলে ধরেন। বর্তমান ও আগামী প্রজন্মের নিকট মুক্তিযোদ্ধাদের ত্যাগের ইতিহাস তুলে ধরার মাধ্যমেই জাতির পিতার আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন সম্ভব বলে উল্লেখ করেন বক্তারা।

মু্ক্◌িতযুদ্ধের চেতনা বাস্তবায়নে এ ধরনের কর্মশালা খুবই গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে বলেও মন্তব্য করেন তারা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও মূখ্য আলোচক হিসাবে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটি বাংলাদেশ এর উদ্যোক্তা ও সভাপতি মাসুদুল করিম অরিয়ন।
তিনি বলেন, আমরা বিশ্বাস করি একজন প্রকৃত মুক্তিযোদ্ধার অবশ্যই একটি বীরত্ব গাঁথা বা যুদ্ধ কালীন ইতিহাস রয়েছে যা প্রজন্মকে দেশ প্রেমে উদ্বুদ্ধ করবে এবং আমরা বঙ্গবন্ধুর প্রকৃত আদর্শ অনুসারী বীর মুক্তিযোদ্ধাদের বীরত্ব গাঁথা সংরক্ষণ ও নতুন প্রজন্মদের নিকট তুলে ধরছি বিভিন্ন স্কুলে ও কলেজ প্রোগ্রামের মাধ্যমে। এই পর্যন্ত আমাদের সংগঠন বাংলাদেশের প্রায় ৩হাজার ৪শত স্কুল ও কলেজে

মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন করেছে।

এছাড়াও আমরা মুক্তিযোদ্ধাদের সামাজিক ভাবে প্রতিষ্ঠা, ভুয়া সনাক্তকরণ ও ভুয়ামুক্ত মুক্তিযোদ্ধা তালিকা, সাংবিধানিক স্বীকৃতি সহ জামুকা ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সকল পদে মুক্তিযোদ্ধার প্রজন্মদের যোগ্যতার ভিত্তিতে কর্ম সংস্থানের দাবিতে আমরা অবিরত কাজ করে যাচ্ছি।

উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটি বাংলাদেশ এর সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) আজিজুল ইসলাম (রতন), সহ সাধারণ সম্পাদক সারোয়ার হোসেন মোড়ল, সাংগঠনিক সম্পাদক নাজমুল হাসান লিমন মল্লিক, কেন্দ্রীয় নির্বাহী সদস্য জাহিদ সর্দার ও লিটন শেখ।

উদ্বুদ্ধকরণ কর্মশালা শেষে উপস্থিত সকলকে সংগঠনের পক্ষ থেকে লালা সবুজ বাংলাদেশের পতাকা নিশান সংগঠনের ওয়েবসাইট এড্রেস খুদিত কলম উপহার দেবার পর আলমডাঙ্গা উপজেলা আহবায়ক কমিটির আহবায়ক হিসেবে কাজী মারজাহান নিতু, এবং যুগ্ম-আহবায়ক হিসেবে শরিফুল ইসলাম সুমন, মোল্লা মেজবাহ উদ্দিন রিপন, সৈকত খান এবং সদস্য সচিব হিসেবে মো: মীর লিন্টু কে মনোনীত করে আহবায়ক কমিটি গঠন করে কেন্দ্রীয় মুক্তিযোদ্ধার ইতিহাস সংরক্ষণ কমিটি বাংলাদেশের সাংগঠনিক সম্পাদক লিমন মল্লিক কে পূর্ণাঙ্গ কমিটি গঠনের দায়িত্বভার অর্পন করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বেনাপোল এক্সপ্রেসের যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানিয়েছে ‘নিসচা’

চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামি বেনাপোল এক্সপ্রেস ট্রেনের প্রথম যাত্রী হিসাবে চুয়াডাঙ্গার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মিজানুর

রহমানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। একই সাথে এই ট্রেনের সকল যত্রীকেও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের শুভেচ্ছা জানায় নিরাপদ সড়ক চাই- ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার নেতৃবৃন্দ।

‘নিসচা’ চুয়াডাঙ্গা শাখার সাধারণ সম্পাদক জাকির হোসেন জানান, চুয়াডাঙ্গা থেকে ঢাকায় যাওয়ার জন্য ইতিপূর্বে মাত্র দুটি ট্রেন ছিলো। চাহিদার তুলনায় আসন সংকটের কারনে অনেক যাত্রীই এ ট্রেনে যাত্রা করতে পারতেন না। সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা- বেনাপোল রুটে নতুন ট্রেন সংযোজন করেন।

এরপর জেলাবাসীর পক্ষে ‘নিসচা’ বেনাপোল এক্সপ্রেস ট্রেনের চুয়াডাঙ্গায় যাত্রা বিরতি চেয়ে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করে। জেলাবাসীর এ আবেদনের প্রেক্ষিতে রেলওয়ে কর্তৃপক্ষ চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতির সিদ্ধান্ত নেন। এতে জেলাবাসী আনন্দিত হয়। এজন্য এ ট্রেনের চুয়াডাঙ্গায় প্রথম যাত্রাবিরতির দিনে এর যাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন ‘নিসচা’ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন, সহ-সভাপতি মাবুদ সরকার, সাধারণ সম্পাদক জাকির হোসেন, সহ-সাধারণ সম্পাদক শামীম আহম্মেদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট হানিফ উদ্দিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট রফিকুল ইসলাম, উপদেষ্টা শাহ আলম সনি, দূর্ঘটনা ও গবেষণা বিষয়ক সম্পাদক জামান আখতার, মহিলা বিষয়ক সম্পাদক কানিজ সুলতানা, যুব বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, দপ্তর সম্পাদক মামুন অর রশিদ, নির্বাহী সদস্য আবু বক্কর সিদ্দিক, বিপুল কুমার, জুলিয়াস আহম্মেদ মিন্টু ও সাইফ উদ্দিন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ৫৬ টি ভারতীয় গবাদি পশু সহ দুই পাচারকারী আটক

চুয়াডাঙ্গা জেলার তিনটি সীমান্তে আলাদা সাতটি অভিযানে ভারত থেকে পাচার করে আনা ৩২টি গরু ও ২৪টি মহিষ আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের সদস্যরা। এ সময় এক ভারতীয় সহ দুই পাচারকারী কে আটক করে বিজিবি।

শুক্রবার দিন ব্যাপি এ অভিযান চালানো হয়। আটককৃত গবাদি পশুর আনুমানিক মূল্য ৮০ লাখ ৪০ হাজার টাকা বলে জানায় বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিনের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর, মুন্সিপুর ও ফুলবাড়ী সীমান্তে সাতটি অভিযান চালানো হয়।

এ সময় ভারত থেকে পাচার করে আনা ৫৬ টি গবাদি পশু আটক করা হয়। একই সাথে পাচারের সাথে জড়িত থাকায় ভারতীয় নাগরিক নদীয়া জেলার চাপড়া থানার হাটখোলা গ্রামের ফলোহার মন্ডলের ছেলে রাজ্জাক মন্ডল (৪৫) ও বাংলাদেশী নাগরিক দামুড়হুদা কুল্লুখাল পাড়ার সবদুল হকের ছেলে শাহীন আলমকে (১৮) আটক করা হয়।

আটককৃত আসামীদের দামুড়হুদা থানায় সোপর্দ করা হয় এবং আটক গবা দিপশু দর্শনা কাস্টমসে জমা দেয়া হয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

পেঁয়াজ রশুনের ঝাজে কাঁদছে

ক্রেতারা

রশুন পেঁয়াজের দাম কমছেইনা। মেহেরপুরের গাংনী উপজেলা শহরের সবজি ও তরকারি বাজার ঘুরে দেখা যায় প্রতি কেজি রশুনের দাম ১শ’ ৮০ টাকা যা গত সপ্তাহে ছিল ১শ’৪০ থেকে ১শ’ ৬০ টাকা।

এদিকে ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজিতে ২০ টাকা কমেছে। যা গত সপ্তাহে ছিল ৬০ টাকা কেজি।

তাছাড়া অন্যান্য সকল প্রকার সবজির দাম কেজি প্রতি ২৫ থেকে ৩০ টাকা কেজি দরে চললেও বাজারের নতুন সবজি হিসেবে টমেটো কেজি প্রতি ১৪০ টাকা দরে বিক্রয় হচ্ছে।
মাংসের বাজার আগের মতোই রয়েছে। গরুর মাংস কেজি প্রতি ৫শ’ টাকা খাসির মাংস সাড়ে ৬শ’ টাকা করে বিক্রয় হচ্ছে।

এদিকে দেশী মুরগী সাড়ে ৩শ’ থেকে ৩শ’ ৮০ টাকা প্রতি কেজি দরে বিক্রয় হচ্ছে। তাছাড়া ফার্মের বিভিন্ন প্রকারের মুরগী কেজি প্রতি ১শ’৮০ থেকে ২শ’ ৫০ টাকা দরে বিক্রয় হতে দেখা গেছে।

কয়েকজন ক্রেতা জানান, সবজির দাম সহনীয় পর্যায়ে থাকলেও পেয়াজ রশুন কিনতে নাভিশ্বাস অবস্থা হয়ে যাচ্ছে।
এদিকে সবজি বিক্রেতারা জানান পেঁয়াজ রশুনের আমদানিই নাই যে কারণে এর দাম বেশি পড়ছে।

তবে তারা জানান কিছুদিনের ভিতর রশুন পেঁয়াজের দাম কিছুটা কমতে পারে।
এ দিকে দর্শনা প্রতিনিধি জানান, দর্শনা পৌরসভার দর্শনা রেল বাজারে তদারকি না থাকায় ইচ্ছা মত দাম নিচ্ছে পাইকারী ও খুচরা বিক্রেতারা।

দর্শনা রেল বাজার ঘুরে দেখা গেছে পাইকারী দোকানিরা পেঁয়াজের দাম নিচ্ছে ১শ ৩০ টাকা থেকে ১শ ৪০ টাকা। আর খুচরা ব্যাবসায়ীরা দাম হাকাচ্ছে ১শ ৬০ টাকা থেকে ১শ ৭০ টাকা।

বাজারে তদারকি না থাকায় সাধারণ মানুষের নাভিশ্বাস হয়ে পড়েছে। সাধারণ ক্রেতার সাথে কথা বললে জানা যায়, পেঁয়াজের ঝাঁজে সারা বাংলাদেশের মানুষ অতিষ্ট হয়ে পড়ছে। এ ভাবে পেয়াজের বাজার নিয়ত্রণ না করতে পারলে এক শ্রেনীর ব্যাবসাদাররা আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে

যাবে।

তাই সাধারণ মানুষ বাজার করতে গেলে বলে পেঁয়াজ আর রসুন কিনলে টাকা শেষ হয়ে যাচ্ছে তা হলে আর বাজার কি দিয়ে করব। সাধারণ মানুষের দাবি দর্শনা বাজার তদরকি করলে পেঁয়াজের দাম ক্রয় ক্ষমতার মধ্যে আসবে।

- গাংনী ও দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গা ওসির সাথে উপজেলা শিক্ষক সমিতির সৌজন্য সাক্ষাত

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের সাথে উপজেলা শিক্ষক সমিতির সৌজন্য সাক্ষাত ও স্বারক সম্মাননা প্রদান করেছে।

গতকাল দুপুর ২ টার দিকে আলমডাঙ্গা সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আলমডাঙ্গার নবাগত অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুরের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

এ সময় শিক্ষক সমিতির পক্ষ থেকে ওসি সৈয়দ আশিকুর রহমানকে স্বারক সম্মাননা প্রদান করেন।

এ সময় ওসি আশিকুর রহমান বলেন আপনাদের যে কোন ভাল কাজে আমাকে সঙ্গে পাবেন, আমি আপনাদের সর্বাঙ্গিন সহযোগীতা চাই।

অনুষ্টানে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি রেফাউল হক, সম্পাদক আলম হোসেন, প্রধান শিক্ষক খন্দকার আলহাজ্ব রাকিবুস সালেহীন, হারেজ উদ্দিন, আমিনুল ইসলাম, আবুল কালাম আজাদ, জাকির হোসেন, এনামুল হক, সহকারি শিক্ষক রিজভী আহম্মেদ প্রমুখ।
সভা শেষে শিক্ষক বৃন্দ অফিসার ইনচার্জের সাথে মধ্যহ্ন ভোজ করেছেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

দর্শনায় জাসদের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দর্শনা পৌর জাসদের উদ্যোগে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ এর প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল ৩১অক্টোবর জাসদ (ইনু) এর ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর জাসদের ফুলতলা কার্যালয়ে আলোচনা সভা ও কেক কেটে দিনটি পালন করে।

দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু বক্তব্য রাখতে গিয়ে বলেন, ১৯৭১ সালে গণতন্ত্র, বাংলাদেশ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষ এই ৪টি সাংবিধানিক ধারার উপর এ দেশকে প্রতিষ্ঠা হয়।

জাসদের জন্ম হয় সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষে। যেখানে দেশের সকল পর্যায়ের মানুষ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও বিনোদন পাবে। দেশের সর্বক্ষেত্রে সমান অধিকার নিয়ে বেঁচে থাকতে পারবে। সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করতে তাদের অবিরাম সংগ্রাম।

এছাড়া দেশে সু-সাশন প্রতিষ্ঠা, আইনের শাসন ও দুর্নীতি মুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠা করা। দুর্নীতির বিরুদ্ধে সুদ্ধি অভিযানের মাধ্যমে একটি উন্নয়নশীল দেশ গঠনের দাবী করেন।

এছাড়া আলোচনা সভায় বক্তব্য রাখেন, দর্শনা পৌর জাসদের সাধারণ সম্পাদক রেজাউল করিম পিটু, সাবেক সাধারণ সম্পাদক আ ন ম জামাল উদ্দিন, গোলম মোস্তফা, সাবেক ছাত্র নেতা নুরুল আলম বাকু, ৯নং ওর্য়াড সভাপতি রফিকুল ইসলাম, শিক্ষক নজরুল ইসলাম, রাজু আহম্মেদ, রাহেন আলী ও হায়দার আলী।

এছাড়া অর্ধশতাধিক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাবেক দর্শনা সরকারী কলেজ ছাত্রনেতা আওয়াল হোসেন।

দর্শনা প্রতিনিধি

চিকিৎসার জন্য ভারতে গেলেন এমপি টগর

চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের এমপি আলী আজগর টগর।
গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে দর্শনা চেকপোস্ট হয়ে চিকিৎসার জন্য ভারতে গেলেন চুয়াডাঙ্গা-২ আসনের উন্নয়নের রুপকার এমপি আলী আজগর টগর।

এ সময় নেতা কর্মীরা তাকে নোমেন্স ল্যান্ড পর্যন্ত তাকে এগিয়ে দিয়ে আসেন।
এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আলী মুনছুর বাবু, আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলার আওয়ামী যুবলীগের আহ্বায়ক আব্দুল হান্নান ছোট, ছাত্রলীগের অপু সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

তিনি চিকিৎসা শেষে ভারত থেকে ঢাকা রওনা দেবেন বলে জনান।

নদী খননে তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় পৌঁছাবে

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীসহ ৫টি নদী খননের উদ্যোগ গ্রহন করেছে সরকার। ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় এ নদী খনন করা হবে। প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার দুপুরে জীবননগরে চিত্রা নদী খনন কাজের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া পিচ মোড় গ্রামে নদীর মাটি কেটে খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, স্থানীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান , উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম , জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম ও পানি উন্নয়ণ বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন।

এ সময় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর বলেন, বাংলাদেশ নদীমাতিৃক দেশ। তাই সারা দেশে নদীগুলোকে বাঁচানোর উদ্যোগ গ্রহন করেছে সরকার। বর্তমান সরকার উন্নয়নে বিশ্বাসী। দেশের নদীগুলো সচল হলে দেশের তৃণমূলের কৃষি ঘুরে দাঁড়াবে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গার ৫টি নদী খনন করা হবে। চিত্রা নদী খনন সেই উন্নয়নের ধারাবাহিকতার অংশ।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জনন্ত্রেী শেখ হাসিনার নদী খনন প্রকল্পটি যুগান্তকারী সিদ্ধান্ত। কারণ নদীগুলো বাঁচলে বাঁচবে পরিবেশ, রক্ষা হবে জীব বৈচিত্র। তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় উন্নতি হবে। আর এ কারণে নদী বাঁচাতে সরকারের এ পরিকল্পনা ।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডরে নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, প্রকল্পের ১ম পর্যায়ে চুয়াডাঙ্গার মধ্য নদী বয়ে যাওয়া চিত্রা নদী খনন করা হবে।এর মধ্যে জীবননগর উপজেলাতে ৬ কি: মিটার নদী খনন করা হবে। ২০২০ সালের ২০ জুনের মধ্যে খননের কাজ শেষ করা হবে।

-মোঃ আব্দুল্লাহ আল মাসুম ,জীবননগর

১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনায় যাত্রাবিরতি করবে ‘বেনাপোল এক্সপ্রেস’

আগামী ১ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা ও দর্শনাসহ চারটি স্টেশনে যাত্রাবিরতি করবে ঢাকা-বেনাপোল রুটে চলাচলকারী ‘বেনাপোল এক্সপ্রেস’। রাজধানী ঢাকা ও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলের মধ্যে বিরতিহীন চলাচলকারী ট্রেনটির যাত্রাপথে চারটি স্টেশনে বিরতির সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে কর্তৃপক্ষ।

এর ফলে এ অঞ্চলের ঢাকাগামী যাত্রীরা বাড়তি একটি ট্রেন পেতে যাচ্ছে। যাত্রাপতে বিরতি পাওয়া অন্য দুটি স্টেশন হলো, ঝিনাইদহের কোর্টচাঁদপুর ও যশোরের ঝিকরগাছা।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মিজানুর রহমান জানান, বেনাপোল এক্সপ্রেস ট্রেনে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী যাত্রীদের জন্য মোট ১১০টি আসন রাখা হয়েছে। যার মধ্যে শোভন চেয়ার ৯২টি, এসি কেবিনে চেয়ার আটটি ও এসি চেয়ার ১০টি। ফিরতি পথে (ঢাকা থেকে) এসি বার্থ চারটি, এসি চেয়ার ১০টি ও শোভন চেয়ার ৭০টিসহ মোট ৮৪টি। এ ছাড়া দর্শনা থেকে ঢাকাগামী ও ফিরতি পথের যাত্রীদের জন্য শোভন ৭০টি ও এসি চেয়ার পাঁচটি রাখা হয়েছে।

মিজানুর রহমান আরো বলেন, বর্তমানে ট্রেনটি ঢাকায় যাওয়ার পথে বিকেল তিনটা ২৬ মিনিটে ও ফিরতি পথে সকাল ৬টা ২৫ মিনিটে চুয়াডাঙ্গা স্টেশন ত্যাগ করে। প্রাথমিকভাবে ওই সময়টিকে যাত্রাবিরতির জন্য ধরা হয়েছে।

চুয়াডাঙ্গা থেকে ঢাকা পর্যন্ত চিত্রা ও সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে যে ভাড়া নেওয়া হয়, বেনাপোল এক্সপ্রেসের ভাড়াও তা-ই থাকছে। এতে শোভন চেয়ারে ৩৯০ টাকা, এসি চেয়ারে ৭৫০ টাকা ও এসি কেবিন চেয়ারে ৮৯২ টাকা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ট্রাক্টর উল্টে ইটভাটা শ্রমিক নিহত, আহত এক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খাদিমপুরে বালিভর্তি ট্রাক্টর উল্টে আব্দুল মালেক (৫৫) নামে এক ইটভাটা শ্রমিক নিহত হয়েছেন। আহত হয়েছেন ট্রাক্টর চালক শামুন হোসেন। বুধবার দুপুরে খাদিমপুর গ্রামের ইটভাটায় এ দূর্ঘটনা ঘটে। নিহত আব্দুল মালেক ভালাইপুর এলাকার মৃত আবদার মল্লিকের ছেলে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) সৈয়দ আশিকুর রহমান জানান, বুধবার দুপুরে আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের কেডিবি ব্রিকসের একটি ট্রাক্টর বালিভর্তি করে ইটভাটার দিকে যাচ্ছিলো। এসময় ট্রাক্টর চালক নিয়ন্ত্রণ হারিয়ে পাশের একটি পুকুরে উল্টে পড়ে যায়। এতে ট্রাক্টরের ওপরে থাকা ইটভাটা শ্রমিক মালেক ট্রাক্টরের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত হন ট্রাক্টর চালক শামুন হোসেন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডা. কানিজ নাঈমা জানান, আহত শামুনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের পরামর্শ দেয়া হয়েছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি